দৈনিক বাংলা

তারিখ ১২।১।৮২

265

038

# বোর্ডের বই সম্পর্কে ডাক বিভাগ

৬ই, জানুয়ারী দৈনিক বাংলায় প্রকাশিত 'বোর্ডের বই সব পোস্ট অফিসে মেলেনি' শীর্ষক খবরকে পোস্ট অফিস কর্তৃপক্ষ 'সম্পূর্ণ কাল্পনিক ও ভিত্তিহীন' বলে অভিহিত করেছেন।

সোমবার বাংলাদেশ ডাক বিভাগের টেক্সট বুকের কার্যালয়ের কন্ট্রোলার জনাব কমরউদ্দীন আহমেদ স্বাক্ষরিত এক প্রতিবাদ লিপিতে বলা হয় যে, পোস্ট অফিসের মাধ্যমে বই বিক্রয় পদ্ধতি অনুযায়ী সকল পোস্ট অফিস থেকে বই বিক্রয় ব্যবস্থা নেই। রাজধানীতে ঢাকা জিপিও ঢাকা সদর ছাড়া ৩২টি সাব-পোস্ট অফিসের মাধ্যমে বই বিক্রয় ব্যবস্থা আছে। কাজেই সকল পোস্ট অফিসে বই পাওয়ার প্রশ্নটি আসে না।

খিলগাঁও পোস্ট অফিসে এযাবৎ বই পৌঁছায়নি বলে যে খবর প্রকাশিত হয়েছে সে সম্পর্কে প্রতিবাদ লিপিতে বলা হয়েছে যে, এযাবৎ এই পোস্ট অফিসে ২৫ হাজার ৫শ' ৫৯ টাকার বিভিন্ন শ্রেণীর বই মওজুদ ছিল। যে সমস্ত পোস্ট অফিসে বই বিক্রয় ব্যবস্থা করা হয়েছে সেখানে অনেক আগে থেকে বই সরবরাহ করা হয়েছে।

বোর্ডের বই এযাবৎ সদরঘাট ও নিউ মার্কেটের দোকানে বেশি দামে বিক্রয় হওয়ার অভিযোগ সম্পর্কে প্রতিবাদ লিপিতে বলা হয়েছে যে, বেসরকারী বিক্রেতাগণের মাধ্যমে বিভিন্ন শ্রেণীর কিছু বই বিক্রয় ব্যবস্থা আছে। তবে যে সমস্ত বই ডাক বিভাগ বিক্রয় করবে তা বেসরকারী বিক্রেতাগণ বিক্রয় করার কথা নয় বলে প্রতিবাদ লিপিতে উল্লেখ করা হয়।